দৈনিক ইত্তেফাক

তারিখ 24 DEC 1995
পৃষ্ঠা ১২ কলাম ৩

145

# বেসরকারী প্রাথমিক শিক্ষকদের অনশন ধর্মঘট

ইত্তেফাক রিপোর্ট ॥ ৪ দফা দাবী আদায়ের লক্ষ্যে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে গতকাল (শনিবার) জাতীয় প্রেস-ক্লাবের সম্মুখে শিক্ষকদের ৩ দিন-ব্যাপী অনশন ও অবস্থান ধর্মঘট কর্মসূচী শুরু হইয়াছে। বেলা ১২টায় অবস্থান ধর্মঘট শুরুর প্রাক্কালে প্রেসক্লাবের সম্মুখে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। জাতীয় পার্টি নেতা এডভোকেট ফজলে রাব্বী পাঞ্জাব আলী বিশ্বাস, জাসদ (রব) নেতা জাফর সাজ্জাদ, জাতীয় শ্রমিক জোট নেতা আবুল খায়ের সাজ্জাদ, শিক্ষক সমিতির সভাপতি মেজর (অব) আসাদুজ্জামান, মহা-সচিব মনসুর আলী, রুহুল আমিন, ওসমান গনি প্রমুখ সমাবেশে বক্তৃতা করেন।

সমাবেশ শেষে শিক্ষকদের একটি মিছিল নগরীর বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে পুনরায় জাতীয় প্রেসক্লাবের সম্মুখে গিয়া শেষ হয়। ইহার পর শিক্ষকবৃন্দ রাস্তার উপর অবস্থান ও অনশন কর্মসূচী শুরু করেন।